



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং : ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/১৮৯

তারিখঃ ০৭/০৪/২০২৬ খ্রি.

বিষয়ঃ ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট, হাজিরাপত্র ও সিট লেবেল কেন্দ্র থেকে ডাউনলোড ও প্রিন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সম্মানিত কেন্দ্রসচিবগণকে জানানো যাচ্ছে যে, তাঁর কেন্দ্রের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান সমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট, হাজিরাপত্র ও সিট লেবেল আগামী ০৯/০৪/২০২৬ খ্রি. তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিম্নোল্লিখিত পদ্ধতিতে প্রবেশপত্র, রোলশীট, হাজিরাপত্র ও সিট লেবেল ডাউনলোড করা যাবে:

ধাপ ০১- বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) এ ভিজিট করতে হবে।

ধাপ ০২- পাসের মেন্যু গুলোর মধ্যে **Our Services** থেকে **Institute Panel** অপশনে ক্লিক করতে হবে।

ধাপ ০৩- কেন্দ্র প্রতিষ্ঠানের EIIN এবং **Password** লিখে **login** বাটনে ক্লিক করতে হবে।


ধাপ ০৪ - ডানপার্শ্বের ভিন্ন ভিন্ন **Admit** অপশনে **Admit SSC 2026** বাটন থেকে প্রবেশপত্র, রোলশীট, হাজিরাপত্র ও সিট লেবেল প্রিন্ট করে নিতে হবে।

প্রবেশপত্র অবশ্যই ৮০ গ্রাম A4 সাইজ কাগজে প্রিন্ট দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষার্থীর “অবশ্যই পালনীয় নির্দেশনাবলী (Student Instruction)” প্রত্যেক প্রবেশপত্রের উল্টো পৃষ্ঠা প্রিন্ট করতে হবে। প্রবেশপত্রে যেকোন ধরনের সমস্যা (ভুল, বিভ্রাট, সংখ্যাগত গরমিল) পরিলক্ষিত হলে ১৬/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষার্থীর নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান থেকে নিম্নোক্ত প্রক্রিয়ায় অনলাইনে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আবেদন করে পরীক্ষার্থীর মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রাপ্ত প্রবেশপত্র সহ পরীক্ষা শাখায় আবেদনের মাধ্যমে এ সংক্রান্ত জটিলতা নিষ্পত্তি করা যাবে।

www.mymensingheducationboard.gov.bd> **Our Services**> **Institute Panel**>**Registration**> **Ten 2024-25**> **Correction**> **Submit**> **Payment**

১৯/০৪/২০২৬ খ্রি. তারিখের পর এতদসংক্রান্ত আবেদন গ্রহণযোগ্য হবেনা এবং সকল তথ্যাদি সঠিক আছে মর্মে বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে। এবং বোর্ড এ ব্যাপারে দায়মুক্ত বলে গণ্য হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


(প্রফেসর সৈয়দ আজহারুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোন : ০২-৯৯৭৭১০৪৪৪

Email : conbisemym@gmail.com

প্রাপক-


কেন্দ্রসচিব


ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্র-২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
- ৩। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
- ৪। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান ;
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৬। অফিস কপি।


07.04.26


07.04.26